প্রথম আলো

তারিখ 14 MAR 2009
পৃষ্ঠা ৫ কলাম ৫

## কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

# গ্রন্থাগার না থাকায় কোটি টাকার বই কাজে আসছে না

ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি ●

শিক্ষার্থীদের পড়ালেখার সুবিধার জন্য ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে এক কোটি টাকার বই কেনা হয়েছে। কিন্তু গ্রন্থাগার ভবন না থাকায় শিক্ষার্থীরা বইগুলো পড়ার জন্য নিতে পারছেন না। ভবন স্থাপনের জন্য শিক্ষার্থীরা বারবার তাগিদ দিলেও কর্তৃপক্ষ তা নির্মাণের উদ্যোগ নিচ্ছে না।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, ২০০৭ সালে বাংলা ভাষা ও সাহিত্য, ইংরেজি ভাষা ও সাহিত্য, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং সংগীত ও ললিতকলা—এই চারটি বিভাগ নিয়ে যাত্রা শুরু করে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়। বর্তমানে এখানে আট শতাধিক শিক্ষার্থী পড়ালেখা করছেন। হ্যান্ডনোট তৈরি ও পরীক্ষার প্রস্তুতি নিতে পড়ালেখা করার জন্য যে পরিমাণ বই দরকার তা বিশ্ববিদ্যালয়ে আছে। কিন্তু গ্রন্থাগার ভবন নির্মাণ না করায় বইগুলো নির্দিষ্ট জায়গায় রাখা সম্ভব হচ্ছে না। এ কারণে শিক্ষার্থীরা বইগুলো ব্যবহার করতে পারছেন না। এ ছাড়া প্রতিটি বিভাগে যে পরিমাণ জায়গা নিয়ে সেমিনার বা পাঠাগার থাকা প্রয়োজন তার কোনোটি নেই।

কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী নাহিদ বলেন, 'আমরা তো অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মতো তেমন কোনো সুবিধা পাচ্ছি না। তাই কর্তৃপক্ষের অন্তত আমাদের লাইব্রেরির সুবিধা দেওয়া উচিত।'

ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের প্রধান অধ্যাপক মোহাম্মদ ইমদাদুল হুদা জানান, ভালোভাবে পরীক্ষার প্রস্তুতি নেওয়ার জন্য শিক্ষার্থীদের বেশি বেশি বই পড়া প্রয়োজন। এ জন্য দ্রুত গ্রন্থাগার ভবন স্থাপন করা দরকার।

বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রার আমিনুল ইসলাম জানান, গ্রন্থাগারের জন্য এক কোটি টাকার বই কেনা আছে। ইতিমধ্যে গ্রন্থাগারিক ও ক্যাটালগার নিয়োগ করা হয়েছে। কিন্তু গ্রন্থাগারের কার্যক্রম পরিচালনার জন্য এখনো ভবন নির্মাণ করা সম্ভব হয়নি। প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য নির্মাণ করা তিনটি ভবনের একটি কক্ষও খালি নেই। তাই গ্রন্থাগারের কার্যক্রম পরিচালনার কোনো ভবন পাওয়া যাচ্ছে না। গ্রন্থাগার ভবনের প্রয়োজনীয়তার বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।